# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৩৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সালাত আদায় করতে আসে, সে ব্যক্তি বাড়ি না ফেরা পর্যন্ত তার পদক্ষেপের জন্য গোনাহ মোচন করা হয় এবং মর্যাদা সমুন্নত করা হয়

## ذِكْرُ حطِّ الْخَطَايَا وَرَفْعِ الدَّرَجَاتِ بِالْخُطَى مَنْ أَتَى الصَّلَاةَ حَتَّى يَرْجِعَ إِلَى بَيْتِهِ

---

আরবী

2037 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ حَدَّثَنِي حُيَيُّ بْنُ عَبْدِ اللَّهِ الْمَعَافِرِيُّ عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيِّ: عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ رَاحَ إِلَى مَسْجِدِ جَمَاعَةٍ فَخُطْوَتَاهُ خُطْوَةٌ تَمْحُو سَيِّئَةً وخطوة تكتب حسنة ذاهباً وراجعاً)

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2037 | خلاصة حكم المحدث: حسن ـ ((التعليق الرغيب)) (1/ 125)

قَالَ أَبُو حَاتِمٍ: الْعَرَبُ تُضيف الْفِعْلَ إِلَى الْأَمْرِ كَمَا تُضِيفُ إِلَى الْفَاعِلِ وَرُبَّمَا أَضَافَتِ الْفِعْلَ إِلَى الْفِعْلِ نَفْسِهِ كَمَا تُضِيفُهُ إِلَى الْأَمْرِ فَإِخْبَارُ ابْنِ عَمْرٍو أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَلَقَ رَأْسَهُ فِي حَجَّةِ الْوَدَاعِ؛ أَرَادَ بِهِ أَنَّ الْحَالِقَ فَعَلَ ذَلِكَ بِهِ لَا نَفْسُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأُضِيفَ الْفِعْلُ إِلَى الْأَمْرِ كَمَا يُضَافُ ذَلِكَ إِلَى الْفَاعِلِ وَفِي خَبَرِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو الَّذِي ذَكَرْنَاهُ: (خُطْوَةٌ تَمْحُو سَيِّئَةً) أَضَافَ الْفِعْلَ إِلَى الْفِعْلِ لَا أَنَّ الْخُطْوَةَ تَمْحُو السَّيِّئَةَ نَفْسَهَا وَلَكِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا هُوَ الَّذِي يَتَفَضَّلُ عَلَى عَبْدِهِ بِذَلِكَ.

বাংলা

২০৩৭. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি এমন মাসজিদে গমন করে, যাতে জামা‘আত সংঘটিত হয়, তবে যাওয়া-আসার পথে তার

পদক্ষেপগুলোর মধ্যে এক পদক্ষেপের জন্য একটি পাপ মোচন করা হয় আরেক পদক্ষেপের জন্য একটি সাওয়াব লিখা হয়।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আরবরা ক্রিয়াকে নির্দেশের দিকে সম্পর্কযুক্ত করে, যেমনভাবে তারা ক্রিয়াকে কর্তার দিকে সম্পর্কযুক্ত করে থাকে, আবার কোন কোন সময় তারা ক্রিয়াকে আরেক ক্রিয়ার দিকে সম্পর্কযুক্ত করে যেভাবে তারা ক্রিয়াকে নির্দেশের দিকে সম্পর্কযুক্ত করে থাকে। কাজেই আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিদায় হজ্জে তাঁর মাথা মুন্ডন করেছেন- এর দ্বারা উদ্দেশ্য হলো  তিনি মুন্ডনকারী তার মাথা মুন্ডন করে দিয়েছেন; এটা উদ্দেশ্য নয় যে, আল্লাহর নাবী নিজেই মাথা মুন্ডন করেছেন। কাজেই এখানে ক্রিয়াকে নির্দেশের দিকে সম্পর্কযুক্ত করা হয়েছে যেভাবে ক্রিয়াকে কর্তার দিকে সম্পর্কযুক্ত করা হয়।

আর আমাদের উল্লেখিত আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসে আছে “একটি পদক্ষেপ একটি গোনাহ মোচন করে” এখানে ক্রিয়াকে ক্রিয়ার দিকে সম্পর্কযুক্ত করা হয়েছে; এটা উদ্দেশ্য নয় যে, খোদ পদক্ষেপ পাপকে মোচন করে দেয়। বরং মহান আল্লাহই পাপ মোচন করে দিয়ে তাঁর বান্দার প্রতি অনুগ্রহ করেন।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৭২; মুনযিরী, আত তারগীব ওয়াত তারহীব: ১/১২৫; মাজমা‘উয যাওয়াইদ: ২/২৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ১/১২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91355

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন